মেহেরপুরে তিব্রশীতে জনজীবন বিপর্যস্ত-বেড়েছে গরম কাপড়ের চাহিদা

মেহেরপুর সহ সারা দেশে গত বুধবার থেকে হঠাৎ করেই বেড়েছে শীতের প্রকোপ। দেশের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড বরা হয়েছে মেহেরপুর-চুয়াডাঙ্গায় ৭.৯ ডিগ্রী সেলসিয়াস। আজ শুক্রবারও দেশের সর্বনিম্ন তাপমাত্রা মেহেরপুর-চুয়াডাঙ্গায়। তিব্রশীতে জনজীবন হয়ে পড়েছে বিপর্যস্ত। বিশেষ করে খেটে মানুষরা পড়েছে বেশি বিপদে। তিব্রশীতে কাজ না থাকায় বিপদে পড়েছে দিন-মজুরাও।

গ্রাম-গঞ্জ থেকে কাজের সন্ধানে মেহেরপুরে আসা দিন মজুরের সংখ্যাও ছিল অনেক কম। এদের মধ্যে হাসেম, জয়নাল, ইজারুল নামের দিন মজুরের সাথে কথা বলে যানা যায় বেশি শীতের কারনে কজে আসতে পারেনি অনেকেই। তাছাড়া কাজও খুব একটা নেই।

এদিকে শীতের পকোপ থেকে রেহাই পেতে গরম কাপড় কিনতে ভিড় জমাচ্ছে দোকান গুলোতে। শুক্রবার মেহেরপুর গরুর হাট সংলগ্ন পুরাতন কাপড়ের দোকনগুলো উপচে পড়া ভিড় লক্ষ্য করা যায়। নিম্ন-মধ্যবিত্তরা এই সব পুরা তন কাপড়ের দোকান থেকে সংগ্রহ করছে মোটা কাপড়ের পোশাক।

এছাড়াও গ্রাম ও শহরের অলিগলিতে আগুন জ্বালিয়ে শীত নিবারণ করতে দেখা যায় অনেককেই। মেহেরপুর জেলা প্রশাসন ও বিভিন্ন সংগঠনের উদ্যোগে গরিব মানুষদের দেওয়া হচ্ছে কম্বল।

এদিকে হঠাৎ করে শীতের তিব্রতা বৃদ্ধি পাওয়ায় মেহেরপুর জেনারেল হাসপাতালে বেড়েছে রোগীর সংখ্যা। গত দুই দিনে প্রায় শ-খানেক রোগী ভর্তি হয়েছে আবহাওয়া জনিত রোগে আক্রান্ত হয়ে।

মেহেরপুর-চুয়াডাঙ্গার আঞ্চলিক আবহাওয়া অফিস সুত্রে জানা যায়, শীতের তিব্রতা আরও বেশি হতে পারে। এছাড়াও চলতি মাসেই একটি শৈত প্রবাহ হওয়ার আশঙ্খা রয়েছে।

জেলা প্রশাসক আতাউল গনি জানান, আমরা ইতি মধ্যে অসহায় গরিবদের মাঝে কম্বল বিতরণ করেছি। আমাদের কাছে এখনো পর্যাপ্ত কম্বল

সংরক্ষিত আছে। সেগুলো বিতরণ করা হবে।

- নিজস্ব প্রতিনিধি

চুয়াডাঙ্গায় সর্বনিম্ম তাপমাত্রা ৭ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস,

বৃহস্পতিবার চুয়াডাঙ্গায় দেশের সর্বনিম্ম তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৭ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস। গত তিনদিন ধরে তীব্র শীত অনুভুত হচ্ছে। এতে নিম্ম আয়ের মানুষ পড়েছেন দুর্ভোগে। চুয়াডাঙ্গার হাসপাতালগুলো শীতজনিত রোগির সংখ্যা বেরে গেছে।

চুয়াডাঙ্গা আবহাওয়া অফিস সুত্র জানায়, বৃহস্পতিবার সকাল ৯টায় চুয়াডাঙ্গার সর্বনিম্ম তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৭ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস। আগের দিন তাপমাত্রা ছিল ১১ দশমিক ৯ ডিগ্রি সিলসিয়াস। একদিনের ব্যবধানে তাপমাত্রা হঠাৎ অনেক কমে যাওয়ায় দুর্ভোগ বেড়েছে শিশু ও বয়স্কদের। শিশু ও বয়স্করা শীতজনিত রোগে আক্রান্ত হচ্ছে।

সংশ্লিষ্টরা বলছেন, শীতের তীব্রতা বাড়ার কারণে নিম্ম আয়ের মানুষেরা বিপাকে পড়েছেন। শ্রমজীবী মানুষের কর্মক্ষেত্রে যেতে পারছেন না। এদিকে চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের উদ্যোগে বুধবার রাতে জেলার নিম্ম আয়ের মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে। শীতবস্ত্র বিতরণের সময় জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার বলেন, পর্যায়মে জেলার সব এলাকায় শীতবস্ত্র বিতরণ করা হবে।

এদিকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালের ডায়রিয়া ওয়ার্ডে গত ২৪ ঘন্টায় ভর্তি হয়েছে ২২ ডায়রিয়া রোগি। তীব্র শীতের কারণেই ডায়রিয়া আক্রান্ত হচ্ছে মানুষ। এছাড়া ২৪ ঘন্টায় শীতজনিত রোগে শতাধিক রোগি হাসপাতালে ভর্তি হয়েছে। চুয়াডাঙ্গা শিশু ওয়ার্ডেও রোগির চাপ বেড়েছে।

চুয়াডাঙ্গা আবহাওয়া অফিসের ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. সামাদুল হক জানান, আগামী ২-৩ দিন চুয়াডাঙ্গায় তাপমাত্রা কম থাকবে।
– চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গায় অজ্ঞাত বৃদ্ধার লাশ উদ্ধার

চুয়াডাঙ্গা সদর উপজেলার নয়মাইল নামক স্থান থেকে অজ্ঞাত (৬০) এক বৃদ্ধার লাশ উদ্ধার করা হয়েছে। ধারণা করা হচ্ছে বৃদ্ধা মানসিক ভারসাম্যহীন ছিলেন এবং সড়ক দূর্ঘটনায় তার মৃত্যু হয়েছে। মঙ্গলবার দিনগত রাত ১টার দিকে ওই নারীর লাশ উদ্ধার তরা হয়। তার পড়নে চা- পাতি রঙের ছাপা শাড়ি ও ছাই রঙের সোয়েটার রয়েছে।
চুয়াডাঙ্গা সদর থানার ডিউটি অফিসার উপপরিদর্শক (এসআই) সুমন হোসেন জানান, মঙ্গলবার রাতে সদর থানা পুলিশের একটি টহল দল নয়মাইল এলাকার প্রধান রাস্তা থেকে গুরুতর জখম এক নারীকে উদ্ধার করে। তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে এলে হাসপাতালের জরুরী বিভাগের চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।
আরো পড়ুন: চুয়াডাঙ্গায় আন্তর্জাতিক অভিবাসী দিবস পালিত
সদর হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক ডা. সোহরাব হোসেন জানান, সদর হাসপাতালে নিয়ে আসার আগেই ওই নারীর মৃত্যু হয়।
-চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গায় আন্তর্জাতিক অভিবাসী দিবস পালিত

‘দক্ষ হয়ে বিদেশ গেলে, অর্থ সম্মান দুই-ই মেলে’ স্লোগান নিয়ে চুয়াডাঙ্গায় আন্তর্জাতিক অভিবাসী দিবস পালিত হয়েছে। দিবস উপলক্ষে

চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের আয়োজনে বুধবার সকালে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
সকালে জেলা প্রশাসকের কার্যালয় থেকে এক বর্ণাঢ্য র্যালি বের হয়। র্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে ফিরে আসে। পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
আরো পড়ুন: চুয়াডাঙ্গায় অজ্ঞাত বৃদ্ধার লাশ উদ্ধার
এতে সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক ইয়াহ্ ইয়া খান। প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার। বিশেষ অতিথি ছিলেন কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের (টিটিসি) অধ্যক্ষ কেএম মিজানুর রহমান। সভায় দক্ষ জনশক্তি হয়ে বিদেশে যাওয়ার বিষয়ে গুরুত্বারোপ করা হয়।
-চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গায় শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ

চুয়াডাঙ্গায় শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে। জেলার এসএসসি ৯৬ ব্যাচের শিক্ষার্থীদের অলাভজনক সংগঠন ‘সাক্ষাৎ ফাউন্ডেশন’ এ কর্মসূচির আয়োজন করে। রবিবার দুপুরে সংগঠনের মাছপট্টির কার্যালয়ে এ কর্মসূচির আয়োজন করা হয়।

এ উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করে সংগঠনের সাধারণ সম্পাদক ডা. সউদ কবীর মালিক। এতে প্রধান অতিথি ছিলেন জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক সন্তোষ কুমার নাথ।

বিশেষ অতিথি ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যাপক আব্দুল মুহিত, সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক স্মৃতিকণা বিশ^◌াস ও দামুড়হুদা উপজেলা সমাজসেবা কর্মকর্তা ছানোয়ার হোসেন। অনুষ্ঠানে ২০০ শীতার্ত মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গায় তিনটি বোমা সদৃশ বস্তু উদ্ধার

চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার মুন্সিগঞ্জ এলাকা থেকে বোমা সদৃশ তিনটি বস্তু উদ্ধার করেছে পুলিশ। রবিবার বেলা ১১টার দিকে কালো টেপ দিয়ে মোড়ানো বোমা সদৃশ তিনটি কৌটা উদ্ধার করা হয়।

আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ (ওসি) আশিকুর রহমান জানান, রবিবার সকালে মুন্সিগঞ্জ তমালতলার মাঠে বোমা সদৃশ তিনটি কৌটা পড়ে থাকতে দেখে স্থানীয়রা পুলিশে খবর দেয়।

পরে পুলিম ঘটনাস্থলে পৌছে সেগুলো উদ্ধার করে। বর্তমানে সেগুলো নিষ্ক্রিয় করার জন্য পানি ভর্তি বালতিতে রাখা হয়েছে।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গায় পিকআপ চাপায় এক বৃদ্ধ পথচারী নিহত

চুয়াডাঙ্গার শহরতলী দৌলাৎদিয়াড় গ্রামের পিকআপের চাপায় রবিউল ইসলাম (৬০) নামের এক বৃদ্ধ পথচারী নিহত হয়েছেন। রবিবার সকাল সাড়ে ৯টায় এ দূর্ঘটনা ঘটে।

নিহত রবিউল ইসলাম দৌলাৎদিয়াড় বঙ্গজপাড়ার মৃত আওলাদ মন্ডলের ছেলে।
স্থানীয়রা জানান, রবিবার সকালে রবিউল ইসলাম বাড়ি থেকে বেরিয়ে রাস্তা পার হচ্ছিলো।

এসময় দ্রæতগামির একটি পিকআপ তাকে ধাক্কা দিলে তিনি মারাত্মক আহত

হন। এলাকাবাসী তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেয়। পরে সকাল ১০টায় মারা যান তিনি।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গায় বেগম রোকেয়া দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় বেগম রোকেয়া দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। রবিবার সকালে চুয়াডাঙ্গা পৌরসভা চত্বরে এসব অনুষ্ঠিত হয়। পৌরসভার তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ প্রকল্পের আওতায় এ অনুষ্ঠান হয়।

দিবস উপলক্ষে সকালে এক বর্ণাঢ্য র্যালি শহর প্রদক্ষিণ করে। এতে নেতৃত্ব দেন পৌর মেয়র ওবাইদুর রহমান চৌধুরী। পরে আলোচনা সভায় বক্তৃতা করেন প্যানেল মেয়র রেজাউল করিম, মহিলা কাউন্সিলর সুলতান আরা রতœ◌া প্রমুখ।

অনুষ্ঠানে প্রধান অতিথি পৌর মেয়র ওবাইদুর রহমান চৌধুরী বলেন, নারীরা এখন আর পিছিয়ে নেই। পুরুষের পাশাপাশি নারীরার দেশের উন্নয়নে কাজ করছেন। নারীদের এ অগ্রযাত্রা অব্যাহত রাখতে হবে।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

রহমান আজাহারী

চুয়াডাঙ্গায় আসছেন এ সময়ের সবচেয়ে আলোচিত ও জনপ্রিয় বক্তা, বিশিষ্ট ইসলামিক স্কলার ও পবিত্র কোরআন গবেষক শায়খ মিজানুর রহমান আল আজাহারী।

আগামী ১৬ ডিসেম্বর সোমবার আলমডাঙ্গার পাঁচকমলাপুর কওমিয়া হাফেজিয়া মাদ্রাসার ১৩তম ঐতিহাসিক তাফসিরুল কোরআন মাহফিলে অংশ নেবেন তিনি।

তিনি কোরআন ও হাদিস থেকে প্রধান বক্তা হিসেবে গুরুত্বপূর্ণ আলোচনা করবেন। মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন চুয়াডাঙ্গার কৃতী সন্তান পাঁচকমলাপুর কওমিয়া হাফিজিয়া মাদ্রাসার পরিচালক, বাংলাদেশ বিজনেস চেম্বার অব সিঙ্গাপুর (বিডিচ্যাম)-এর প্রেসিডেন্ট আলহাজ্ব সাহিদুজ্জামান টরিক।

পাঁচকমলাপুর হাফিজিয়া মাদ্রাসার মুহতামিম হযরত মাওলানা আব্দুল হামিদের সভাপতিত্বে বিশেষ বক্তা হিসেবে ওই দিন তাফসির পেশ করবেন বিশিষ্ট ইসলামিক চিন্তাবিদ, মুফাচ্ছিরে কোরআন হযরত মাওলানা মুফতি আলী আকবর। মাহফিল উপলক্ষে মাদ্রাসার পাশ্ববর্তী বিশালাকার মাঠে প্যান্ডেল নির্মাণ ও মাঠ প্রস্তুতের শেষ পর্যায়ের কাজ চলছে।

প্রসঙ্গত, চুয়াডাঙ্গা আলমডাঙ্গার ঐতিহ্যবাহী দ্বীনি শিক্ষাপ্রতিষ্ঠান পাঁচকমলাপুর কওমিয়া হাফেজিয়া মাদ্রাসা।

এ প্রতিষ্ঠানের প্রধান পৃষ্ঠপোষক ও পরিচালক, বাংলাদেশ বিজনেস চেম্বার অব সিঙ্গাপুর (বিডিচ্যাম)-এর প্রেসিডেন্ট আলহাজ্ব সাহিদুজ্জামান টরিকের আমন্ত্রণে চুয়াডাঙ্গায় আসছেন শায়খ মিজানুর রহমান আল আজাহারী।

- চিৎলা প্রতিনিধি